# CBSE Class 10 Bengali Question Paper 2022 (May 12)

Series : AQ@QA

SET-4

Q.P. Code **07**

Roll No. | | | | | | | | |

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে 8 ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে 8 টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains **8** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **8** questions.
- **Please write down the Serial Number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

*

# বাংলা
# BENGALI

*সময় : **2** ঘন্টা*
*Time allowed : **2** hours*

*সর্বমোট অঙ্ক : **40***
*Maximum Marks : **40***



collegedunia
India's largest Student Review Platform

The Question Paper is devided into **Four Sections** :

**SECTION – A : READING : 5 Marks**

**SECTION – B : WRITING : 10 Marks**

**SECTION – C : GRAMMAR : 10 Marks**

**SECTION – D : LITERATURE : 15 Marks**

## SECTION – A (READING)
### (Unseen Comprehension)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **(2 + 3 = 5)**

সৌম্য-দর্শন, কিছুটা আত্মভোলা, বসাক স্যার ক্লাসে মানচিত্র অথবা ভূগোলক সঙ্গে নিয়ে আসেন। ষষ্ঠ শ্রেণিতে আমাদের পঞ্চম পিরিয়ডে তিনদিন বসাক স্যারের ভূগোল ক্লাস ও বাকি তিনদিন এ.এন. বোস স্যারের ইংরেজি ব্যাকরণ শিক্ষার ক্লাস। সপ্তাহে কোন তিনদিন ওঁকে পঞ্চম পিরিয়ডে ভূগোল পড়াতে হবে, বসাক স্যার সেটা মনে রাখার চেষ্টা করেন না। পঞ্চম পিরিয়ড শুরু হতেই প্রতিদিন বসাক স্যার আমাদের ক্লাস ঘরের দরজা ঠেলে ঢুকে পড়তেন। ছাত্রেরা সমস্বরে চেঁচিয়ে ওঠে 'স্যার, আজ আপনার ক্লাস নয়।' বসাক স্যার ফিরে যান। মাসখানেক এভাবে চলার পর ছেলেদের মতলব যে, বেঠিক দিনে বসাক স্যার ক্লাসে এলে তাঁকে বাধা না দিয়ে যথারীতি অভ্যর্থনা। চতুর্থ পিরিয়ড শেষের ঘন্টা বাজে। বসাক স্যার গোটানো একখানা মানচিত্র বগলদাবা করে ক্লাসে ঢুকলেন। ক্লাস মনিটর নিয়মমাফিক বলে, 'Stand Salute'। ছাত্রেরা সবাই উঠে দাঁড়ায়। বসাক স্যার ব্ল্যাকবোর্ডের গায়ে মানচিত্রখানা টাঙিয়ে ছাত্রদের মুখোমুখি। ইতিমধ্যে প্রথম সারিতে বসে ভীষণভাবে হাসি চেপে রাখার চেষ্টা করছি আমি। দু-হাতে মুখ ঢেকে হাসি আটকাবার প্রয়াস বিফল। বসাক স্যার কাছে এসে আমার দু-

*



collegedunia
India's largest Student Review Platform

কান মলে বললেন, "যত হাসি তত কান্না, বলে গেছেন রাম শর্মা ।" ... এমনি সময় দরজা ঠেলে বোস স্যারের প্রবেশ । বসাক স্যার ওঁকে দেখে অপ্রস্তুত ।

(a) বসাক স্যার ক্লাসে এলে কখন ছাত্ররা "স্যার, আজ আপনার ক্লাস নয়" বলে চেঁচিয়ে উঠত ? ছাত্রদের এ-কথা বলার দরকার হত কেন ?

**অথবা (OR)**

বসাক স্যারকে সপ্তাহে ক'দিন, কোন শ্রেণির কোন পিরিয়ডে এসেও ফিরে যেতে হত ? কেন ?

(b) বসাক স্যারকে অপ্রস্তুত অবস্থায় ফেলে মজা পাওয়ার জন্য ছাত্ররা কী করেছিল ?

## SECTION – B : (WRITING)

2. তুমি বাবুল অথবা বাবলি ; দিল্লিতে থাক । তোমার বন্ধু ঋজু অথবা রিয়া কলকাতায় থাকে । করোনা পরিস্থিতিতে তোমার শহরে কী কী সরকারি বিধি-নিষেধ জারি হয়েছে জানিয়ে সেই বন্ধুকে একটি চিঠি লেখো । **5**

**অথবা (OR)**

তুমি কলকাতায় হস্টেলে থেকে পড়াশোনা করছ । তোমাদের বাড়ি শিলিগুড়িতে । বোর্ডের পরীক্ষা দিয়েই বাড়িতে এসে কী কী করার পরিকল্পনা করে রেখেছ জানিয়ে ভাই অথবা বোনকে একটি চিঠি লেখো ।



collegedunia
India's largest Student Review Platform

3. নীচের **যে-কোনো একটি (Any one)** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। **5**

(a) করোনা পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীদের বিশেষ সমস্যা

(b) পরিবেশ-দূষণে প্লাস্টিক : আমাদের কর্তব্য

(c) আমার জীবনের সবচেয়ে আনন্দের ঘটনা

## SECTION – C : (GRAMMAR)

4. (a) সন্ধি কী ? বিসর্গসন্ধি কাকে বলে ? বিসর্গসন্ধির যে-কোনো একটি উদাহরণ দাও। **3**

**অথবা (OR)**

বিসর্গসন্ধির যে-কোনো একটি সূত্র বা নিয়মের উল্লেখ করো এবং সেই সূত্রের একটি উদাহরণ দাও।

(b) বিসর্গসন্ধিতে সন্ধিবদ্ধ হওয়ার পরেও বিসর্গ (ঃ) লুপ্ত হয় না, এমন দুটি দৃষ্টান্ত দাও। **2**

**অথবা (OR)**

সন্ধিবদ্ধ করো – 'আশীঃ + বাদ'। সন্ধিবিচ্ছেদ করো – 'মনোজ'।

5. (a) যৌগিক বাক্য কাকে বলে ? একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

**অথবা (OR)**



collegedunia
India's largest Student Review Platform

উদ্ধৃত বাক্যগুলির মধ্যে জটিল বাক্য কোনটি ? কী কারণে সেটি জটিলবাক্য বলো । **3**

'তারপরে আরো অনেকদিন পার হয়ে গেল । সেই লেখার কথা ভুলে গেলুম, ভুলে গেলুম মাস্টারমশাইকেও । বয়স বেড়েছে, বিনিদ্র রাত্রিযাপনের মতো অনেক সমস্যা এসে দেখা দিয়েছে জীবনে । বর্তমানের দাবিটা এত বেশি জোরালো যে স্মৃতির দিকে তাকাবার অবসর পর্যন্ত মেলে না ।'

(b) 'তা ঘটেছে, সত্যিই ঘটেছে ।' – বাক্যটিকে সরলবাক্য এবং জটিলবাক্যে রূপান্তরিত করে দেখাও । **2**

**অথবা (OR)**

'যদিও বিরক্ত হলাম, তবু মুখ ফুটে প্রকাশ করতে পারলাম না ।' – বাক্যটিকে সরলবাক্য এবং যৌগিকবাক্যে রূপান্তরিত করে দেখাও ।

## SECTION – D : (LITERATURE & SUPPLEMENTARY READER)

6. 'গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা ।' **2 + 3 = 5**

(a) হরিদা কে ? তিনি কার গল্প শুনে গম্ভীর হয়ে গেলেন ?

(b) হরিদার গম্ভীর হয়ে যাওয়ার কারণ কী বুঝিয়ে দাও ।

**অথবা (OR)**



collegedunia
India's largest Student Review Platform

"শত হোক, একজন বিরাগী হয়ে টাকা-ফাকা কী করে স্পর্শ করি বল ?"

(a) কে, কাকে বা কাদের এ-কথা বলেছে ? কখন বলেছে ?

(b) উক্তিটির অর্থ বুঝিয়ে দাও।

7. সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো। **(যে-কোনো একটি) (Any one)** **5**

(a) 'তোমার পানি আর আমার জল

জীবনের জন্যে

একসঙ্গে একাকারে ভরে নিই।'

(b) 'আমাদের শিশুদের শব

ছড়ানো রয়েছে কাছে দূরে !'

8. 'পুষ্পবতী সেই পথের শেষে মরুভূমির সম্মুখে এসে শুনতে পেলেন যে, শিলাদিত্য আর নেই।'

**2 + 3 = 5**

(a) পুষ্পবতী কোথায় যাবার জন্য বেরিয়েছিলেন ? কোন পথের শেষে এসে তিনি এ-কথা শুনতে পেলেন ?

(b) পুষ্পবতী চরিত্রের যে-কোনো তিনটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

**অথবা (OR)**



collegedunia
India's largest Student Review Platform

'বিধর্মী শত্রুর বিষাক্ত একটা তীর তাঁর প্রাণের সঙ্গে বুকের সমস্ত আশা বিদীর্ণ করে বাহির হয়ে গেল।'

(a) কোথায়, কার প্রাণ বেরিয়ে গেল ? খবরটা শুনে তাঁর স্ত্রীর কী প্রতিক্রিয়া হল ?

(b) যাঁর প্রাণ বেরিয়ে গেল, তাঁর বুকে কী আশা ছিল ?

---



collegedunia.com
India's largest Student Review Platform

*



collegedunia
India's largest Student Review Platform